

## বরিশালে মাদ্রাসা শিক্ষা বোর্ডের কার্যালয়ে আগুন

■ বরিশাল ব্যুরো  
সাবেক রস্টিপতি আবদুর রহমান বিশ্বাসের মালিকানাধীন একটি ভবনে  
বুধবার রাত আনুমানিক সোয়া ৯টায় অগ্নিসংযোগ করেছে দুর্বৃত্তরা। এতে  
ওই ভবনের নিচতলার দরজা-জানালা ক্ষতিগ্রস্ত হয়। ভবনটি মাদ্রাসা শিক্ষা  
বোর্ডের আঞ্চলিক কার্যালয়ের কাছে ভাড়া দেওয়া। খবর পেয়ে ফায়ার  
সার্ভিসের একটি গাড়ি ঘটনাস্থলে গেলো হানীয়ারা তার আগেই আগুন  
নিভিয়ে ফেলেন। এতে বড় ধরনের কোনো ক্ষতি হয়নি। ফায়ার সার্ভিস  
স্টেশন ম্যানেজার মো. আলাউদ্দিন সমকালকে জানান, ওই ভবনের দুটি  
জানালা ও একটি দরজা আংশিক পুড়ে গেছে।  
অন্যদিকে রাত ৯টায় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও)  
কার্যালয়ের সামনে রাখা আসবাবপত্রে আগুন দেয় দুর্বৃত্তরা। এ সময়  
দায়িত্বরত নৈশপ্রহরী দ্রুত আগুন নিভিয়ে ফেলেন।